পরিবর্তন

“অনলাইন সারাদিন অনলাইন”
ধরলে মোবাইল,
দিতাম দু ঘা
বলতাম, “ছাড় এ সব লাইন।”
এলো যে করোনা-
হাঁক ছেড়ে বলি, “ ও মা
দিয়েছিস মোবাইলে চার্জ
কয়টায় যেনো তোর ক্লাস?”
সময় হলে খুঁজি ওয়াইফাই
ফোন দেই, “ও ভাই
ক্লাস ঠিক নয়টায়
ওয়াইফাই থাকে যেনো ঠিক সময়।”

চলে গেলে বিদ্যুৎ
খুঁজি ডাটা তড়িৎ,
দেখি আছে কোন প্যাকেজ
কিনে নেই অবশেষ।
আগে যে কী কষ্ট
সময় কত নষ্ট।
আমি যে মেয়ের মা
মাথায় কত চিন্তা।
আছে কত টিউশন
মাথায় শত টেনশন,
রাস্তার মোড়ে দুষ্টের দল
তাই তো মেয়ের সাথে চল।
কোথায় কী হলো পড়া
পাশে বসে এখন দেখি সারা,
ভাবি মনে, বাছা পড়ে আমার বাড়িতে
আছি এখন শান্তিতে।